গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপসহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
কুড়িগ্রাম।

স্মারক নং :- ৫৮.০৩.৫৫৪৯.০০২.০০০.৪১.২৩-৯৬৭ তারিখঃ- ১৭/০৯/২০২৫ খ্রিঃ

**অফিস আদেশ**

অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ এর ধারা ১৩ মোতাবেক গত ২০/০৮/২০২৫ খ্রি: তারিখ আনুমানিক ০৪.৩০ ঘটিকার সময় মোঃ মঞ্জুরুল আলম (৩৫), পিতাঃ মো: আব্দুল হামিদ এর ব্যবসা প্রতিষ্ঠান মেসার্স সান ট্রেডার্স ও তুলার মিল গছিডাঙ্গা, পাইকেরছড়া, পাটেশ্বরী বাজার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম নামক স্থানে সংঘঠিত অগ্নিকান্ডের কারন, ক্ষতিগ্রস্থ সম্পদের বিবরন, ক্ষয়ক্ষতির পরিমান উদঘাটন, স্থিরচিত্র ধারন ও অন্যান্য ব্যবস্থাদিসহ প্রাসঙ্গিক বিষয়সমূহ পুঙ্খানুপুঙ্খরুপে অনুসন্ধান পূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নবর্নিত কর্মকর্তাদের সমন্বয়ে (INVESTIGATION) কমিটি গঠন করা হলো। ক্ষতিগ্রস্থ সম্পদের বিপরীতে কোন মামলা থাকলে উহার বিবরন এবং না থাকলে মামলা নেই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যয়নপত্র গ্রহন করতে হবে। ফায়ার রিপোর্ট নীতিমালা মোতাবেক ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে অগ্নিকান্ডের তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।

**<u>তদন্তের ক্ষেত্রেঃ</u>**

১। জবানবন্দি: (ক) প্রথম সংবাদ দাতা (খ) প্রথম সাড়াপ্রদানকারী স্টেশন অফিসার (গ) প্রত্যক্ষদর্শী (ঘ) মালিক পক্ষের জবানবন্দি।

**অগ্নিকান্ডে কারনঃ**

(ক) স্থির চিত্র (খ) প্রতিবেদনের কারন উল্লেখ করতে হবে (গ)ভিডিও থাকতে হবে (ঘ) পূর্বে অগ্নিকান্ড সংগঠিত হয়েছে কিনা তার তথ্য থাকতে হবে (ঙ)নক্সা থাকতে হবে (চ)বিদ্যুৎ অফিসের প্রত্যায়ন নিতে হবে (ছ) স্থানীয় থানা হতে মামলা সংক্রান্ত প্রত্যয়ন গ্রহন করতে হবে।

**অগ্নিকান্ডের তদন্ত কমিটি গঠনঃ**

মোঃ মঞ্জুরুল আলম, গছিডাঙ্গা,পাইকেরছড়া, পাটেশ্বরী বাজার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম এর আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট এলাকার কর্মকর্তাদের সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১ | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কুড়িগ্রাম। | সভাপতি |
| ২ | লিডার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য |
| ৩ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য সচিব |

১৭/০৯/২৫

মো: বাদশা মাসউদ আলম
উপ সহকারী পরিচালক(অ:দা:)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
কুড়িগ্রাম।

বিতরন :
১. মহাপরিচালক,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর,ঢাকা।
২. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রংপুর বিভাগ,রংপুর।
৩. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রংপুর।
৪. সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন,কুড়িগ্রাম।
৫. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৬. লিডার মো: মোফাজ্জল হোসেন,পিআইএন-৩০০৫৬৬, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, নাগেশ্বরী, কুড়িগ্রাম।